

স্বাক্ষর
১৩/৩/১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি)
www.mopa.gov.bd

০৫.০০.০০০০.২২৪.০০.০৪৬.১২.৪২

১৭ ফাল্গুন, ১৪২১ বঙ্গাব্দ

তারিখ: -----

০১ মার্চ, ২০১৫ খ্রিস্টাব্দ

পরিপত্র


বিষয়ঃ বিসিএস(প্রশাসন) ক্যাডারের সকল কর্মকর্তা এবং অন্যান্য ক্যাডার হতে আগত উপসচিব থেকে তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের তথ্যাদি PMIS-এ হালনাগাদকরণ।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র(পিএসিসি) কর্তৃক বিসিএস(প্রশাসন) ক্যাডারভুক্ত সকল কর্মকর্তা এবং উপ-সচিব ও তদূর্ধ্ব পর্যায়ের অন্যান্য ক্যাডার কর্মকর্তাগণের চাকরি সংক্রান্ত তথ্যাবলি কম্পিউটারে সংরক্ষণ করা হয়। কর্মী ব্যবস্থাপনার ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় উক্ত তথ্য ব্যবহার করা হয়। পিএসিসি-র কম্পিউটারে সংরক্ষিত তথ্যাবলি পর্যালোচনা করে দেখা যাচ্ছে যে, অনেক কর্মকর্তার তথ্য হালনাগাদ না থাকার ফলে সরকারি কাজ যথাযথভাবে সম্পাদনের ক্ষেত্রে বিঘ্ন হচ্ছে। একারণে প্রত্যেক কর্মকর্তার তথ্য হালনাগাদ থাকা বাঞ্ছনীয়।

০২। লক্ষণীয় যে, এখনও অনেক কর্মকর্তা তাঁদের স্থায়ী/বর্তমান ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, মায়ের নাম, স্পাউসের নাম ও জেলা, ছবি ইত্যাদি সরবরাহ করেননি ফলে সংশ্লিষ্ট কর্মকর্তার পার্সোনাল ডাটা সীটের তথ্যাদি অসম্পূর্ণ থেকে যাচ্ছে। উল্লেখ্য, কর্মকর্তাদের পদায়ন/বদলী আদেশ জারী হওয়ার সাথে সাথেই পিএসিসি-র ডাটাবেজের তথ্যাদি এন্ট্রি করা হলেও সংশ্লিষ্ট কর্মকর্তা বদলী/পদায়নকৃত পদে যোগদানপত্রের অনুলিপি পিএসিসি-তে প্রেরণ না করার কারণে সংশ্লিষ্ট কর্মকর্তার বদলী/পদায়নকৃত পদে সঠিক যোগদানের তারিখ ডাটাবেজে এন্ট্রি করা যায় না। একারণে কর্মকর্তাদের বিভিন্ন পদে দায়িত্ব পালনের মেয়াদ সঠিকভাবে উপস্থাপন করা সম্ভব হয় না।

০৩। এই পরিপ্রেক্ষিতে, বিসিএস প্রশাসন ক্যাডারের সকল কর্মকর্তা এবং উপসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের অন্যান্য ক্যাডার কর্মকর্তাকে জরুরি ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mopa.gov.bd)-এর PMIS লিংকে ক্লিক করে User Id-তে নিজ পরিচিতি নম্বর এবং Password-এর ক্ষেত্রে উদাহরণ স্বরূপে জন্ম তারিখ ০১/০১/১৯৬০ হলে এন্ট্রি দিতে হবে ০১০১১৯৬০। পিএমআইএস সফটওয়্যারটিতে Password পরিবর্তন করার ব্যবস্থা রাখা হয়েছে। PMIS সংক্রান্ত যে কোন সমস্যা বা তথ্যাদি হালনাগাদকরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি ফোন- ৯৫৪০৪৮৫, ই-মেইলঃ ssapacc@mopa.gov.bd এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৪। পিডিএস-এ তথ্য হালনাগাদ রাখা একটি চলমান প্রক্রিয়া বিধায় এখন থেকে সকল কর্মকর্তা তথ্য হালনাগাদ রাখার বিষয়ে যত্নবান হবেন। তথ্য হালনাগাদ না থাকলে কিংবা ভুল তথ্য প্রদান করলে এর দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তাকেই বহন করতে হবে।


(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

বিতরণঃ

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব(সকল).....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল।
০৫. জেলা প্রশাসক (সকল).....